আজ ২৩ অক্টোবর ২০১২ বি আর বি কেবলস্ এর

সাফল্যের ৩৪ বছর

SINCE-1978

# বি আর বি কেবল ইন্ডাষ্ট্রিজ লিঃ

## বিসিক শিল্প নগরী, কুষ্টিয়া।

ISO 9001 : 2008 Certified Company

বি এস টি আই অনুমোদিত



রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

বাণী

বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর ৩৪তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে আমি এ প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানাই।

দেশের অর্থনৈতিক উন্নয়নে শিল্প প্রতিষ্ঠান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আমি জেনে খুশি হয়েছি বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ বৈদ্যুতিক কেবল উৎপাদনের পাশাপাশি মেরিন কেবল ও অপটিক্যাল ফাইবার কেবল উৎপাদন করছে। আমি আশা করি প্রতিষ্ঠানটি যুগোপযোগী ও গুণগতমান সম্পন্ন কেবল উৎপাদন করে দেশীয় ও আন্তর্জাতিক বাজারে আরও অবদান রাখতে সক্ষম হবে।

আমি বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

০৮ কার্তিক, ১৪১৯
২৩ অক্টোবর, ২০১২

জিল্লুর রহমান

## সেই সময় এই সময়

বাংলাদেশের কেবল শিল্পে উজ্জ্বল নক্ষত্র বি আর বি কেবল ইন্ডাষ্ট্রিজ লিমিটেড এর গৌরবময় পথচলার ৩৪ বছরপূর্তি। বর্ণাঢ্য আয়োজন আর বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে বি আর বি পরিবার দিনটিকে পালন করবে। আজ থেকে ৩৪ বছর পূর্বে, সদ্য স্বাধীনতাপ্রাপ্ত একটি দেশ, আমাদের বাংলাদেশ স্বাধীনতার আলো দেখলেও ছিল বিভিন্নভাবে অন্ধকারে নিমজ্জিত। দেশ ছিল শিল্পায়ন শূন্য, অর্থনীতি বিপর্যস্ত, বেকার সমস্যায় জর্জরিত, আর্থ-সামাজিক অবক্ষয়যুক্ত। এই সামগ্রিক অবস্থায় বি আর বি কেবলস্ এর যাত্রা শুরু হয় ১৯৭৮ সালের ২৩ অক্টোবর কুষ্টিয়া বিসিক শিল্প নগরীতে।

হাতে গোনা কয়েকজন লোকবল দিয়ে, শুধুমাত্র ডোমেস্টিক কেবলস্ উৎপাদনের মাধ্যমে প্রতিষ্ঠানটির পথ চলা শুরু হলেও আজ বি আর বি কেবলস্ বাংলাদেশের সর্বাধুনিক তথ্যপ্রযুক্তি সম্পন্ন একটি বৃহৎ শিল্প প্রতিষ্ঠান। দেশের চাহিদার সাথে তাল মিলিয়ে এবং বর্ধিত চাহিদা পূরণে উন্নত বিশ্বের আধুনিক যন্ত্রপাতি এবং উন্নত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে আজ ডোমেস্টিক কেবল থেকে ৩৩ কেভি পর্যন্ত - এইচ টি পি ভি সি/এক্স এল পি ই কেবল, ১৩২ কেভি পর্যন্ত - এ্যালুমিনিয়াম কন্ডাক্টর, এ্যালুমিনিয়াম কন্ডাক্টরের ডোমেস্টিক কেবল (কপার কেবলের তুলনায় কম দাম), এফ.আর.এল.এস কেবলস্, জেলি ফিল্ড টেলিফোন কেবলস্, ডুয়েল কোটিং সুপার এনামেল্ড কপার ওয়্যার, বৈদ্যুতিক সিলিং ফ্যান উৎপাদন করে বাজারজাত করছে। বিদ্যুৎ পরিবাহে অধিক নিরাপত্তা নিশ্চিত করতে এখানে স্থাপন করা হয়েছে C.C.V (Catenary Contineous Vulcanization) প্লান্ট। যেখানে নাইট্রোজেন গ্যাস দ্বারা এক্স এল পি ই ইনস্যুলেশনকে কিউরিং করা হয়। ফলে এই প্লান্ট থেকে উৎপাদিত কেবল হয় বিদ্যুৎ সঞ্চালনে অধিকতর নিরাপদ ও ব্যবহারে দীর্ঘস্থায়ী। শুধু তাই নয় দেশের চাহিদার কথা বিবেচনায় এনে অতি সম্প্রতি বি আর বি কেবলস্ এর উৎপাদন তালিকায় যোগ হয়েছে সকল ধরনের অপটিক্যাল ফাইবার কেবল, আরজি কেবল ও মিনিয়েচার সার্কিট ব্রেকার (এমসিবি) – যা সম্পূর্ণ আমদানী নির্ভর।

জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে মানের বিচারে বি আর বি কেবলস্ এর অর্জন আকাশচুম্বী। এই অর্জনকে ঘিরেই প্রতিষ্ঠানটি প্রথমতঃ আইএসও ঃ ৯০০২ সনদ লাভের যোগ্যতা অর্জন করে। পরবর্তীতে আরো অধিক গবেষণার মাধ্যমে এর মান উন্নয়ন করে আইএসও ঃ ৯০০১ ঃ ২০০৮ সনদ প্রাপ্ত হয়ে সেই মান অনুসরণ করছে। বেশ কয়েক বছর আগে ওয়্যারস এন্ড কেবল্স সেক্টরের এক গবেষণায় বিশ্ব বাজারে দুই শতাধিক দেশের তিন হাজারের অধিক প্রতিষ্ঠিত কেবল কোম্পানীর মধ্য থেকে নির্বাচিত পঞ্চাশটি শীর্ষ কোম্পানীর মধ্যে বাংলাদেশ থেকে একমাত্র বি আর বি কেবলস্ স্থান পেয়েছে এবং সম্মিলিত তালিকায় ৩৩ তম স্থান লাভ করেছে। এছাড়াও গত ২৮.০৬.২০১০ তারিখে GL Approval Certificate অর্জনের মধ্য দিয়ে বাংলাদেশে একমাত্র বি আর বি কেবলই Shipboard Cable তৈরির অনুমোদন লাভ করেছে।

কেবলস্ তৈরির ক্ষেত্রে আপোসহীন এবং গুণগত মানসম্পন্ন পণ্যের প্রস্তুতকারী প্রতিষ্ঠান হিসাবে বি আর বি কেবলস্ অনেক পুরস্কার ও সম্মানে ভূষিত হয়েছে, একই সাথে দেশের অর্থনীতিতে অবদান রাখার জন্যও অর্জন করেছে পুরস্কার ও সম্মান। উল্লেখযোগ্য পুরস্কার ও সম্মাননার মধ্যে রয়েছে বাংলাদেশ এডুকেশন স্কলারশীপ ট্রাস্ট স্বর্ণপদক, শের-ই-বাংলা এ কে ফজলুল হক স্বর্ণপদক, দশম গোল্ডেন অ্যামেরিকা এ্যাওয়ার্ড, আর্ক অব ইউরোপ এ্যাওয়ার্ড, ওয়্যার এসোসিয়েশন ইন্টারন্যাশনাল (১৯৯৩) মেম্বারশীপ সার্টিফিকেট, ডিএইচএল-ডেইলী স্টার বাংলাদেশ বিজনেস এ্যাওয়ার্ড ২০০৫, ইসলামী ব্যাংক বাংলাদেশ ভ্যালুড পারসন এ্যাওয়ার্ড-২০০৬, নওয়াব স্যার সলিমুল্লাহ ফাউন্ডেশন গোল্ড মেডেল-(২০০৬, ২০০৮) বিজনেস এক্সপ্রেস এ্যাওয়ার্ড-২০০৯, GL (Germanischer Lloyd) Marine Cable Approval Certificate-2010 ইত্যাদি। এছাড়াও দেশের রপ্তানী বাণিজ্যে অবদান রাখার জন্য বাংলাদেশ সরকার কর্তৃক জাতীয় রপ্তানী ট্রফি-১৯৯৭-৯৮ (স্বর্ণ), জাতীয় রপ্তানী ট্রফি-২০০০-২০০১, জাতীয় রপ্তানী ট্রফি-২০০৮-২০০৯ (স্বর্ণ), সেরা করদাতা-২০০৯, সেরা করদাতা-২০১১, সেরা করদাতা-২০১২, পরিবেশ অধিদপ্তর কর্তৃক পরিবেশ দূষণ রোধে অনবদ্য অবদান রাখার জন্য ২০০৯ সালে খুলনা বিভাগীয় ও ২০১০ সালে জাতীয় পদক প্রাপ্ত হয়। প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক ও চেয়ারম্যান বাংলাদেশ সরকার কর্তৃক ১৯৯৬ সাল থেকে সিআইপি (শিল্প) ও সিআইপি (রপ্তানী) নির্বাচিত হয়ে আসছেন। এমনিভাবেই প্রতিষ্ঠানটি তার অবদানের স্বীকৃতি স্বরূপ বিভিন্ন সময়ে বিভিন্ন এ্যাওয়ার্ড পেয়ে আসছে।

স্থানীয় বাজার সম্প্রসারণ, রপ্তানী বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি কোম্পানীর চেয়ারম্যান জনাব মোঃ মজিবর রহমান সামাজিক কর্মকাণ্ডেও যথেষ্ট ভূমিকা রেখে চলেছেন। তাঁর পিতা-মাতার স্মরণে তাঁদের নামে গঠিত হয়েছে "কিয়াম-ছিরাতুন্নেছা মেমোরিয়াল ট্রাস্ট"। তিনি এই প্রতিষ্ঠানের মাধ্যমে দেশের বিভিন্ন অঞ্চলের ধর্মীয় প্রতিষ্ঠানে সেবামূলক কর্মকাণ্ড পরিচালনা করে আসছেন। মানবসেবার লক্ষ্যে বাংলাদেশে বেসরকারী উদ্যোগে উন্নত চিকিৎসা সেবা প্রদান ও মেডিকেল শিক্ষার প্রসারে 'ছিরাতুন্নেছা মেডিকেল কলেজ ও হাসপাতাল' নির্মাণের কাজ ইতোমধ্যে শুরু হয়েছে। উন্নত চিকিৎসা প্রার্থী মানুষকে যাতে বহির্মুখী না হতে হয় সেজন্য এখানে থাকবে সর্বাধুনিক প্রযুক্তিগত চিকিৎসা সুবিধা।

বি আর বি কেবলসে্র উন্নয়নের ধারায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পাশাপাশি অবদান রেখে চলেছে অত্র প্রতিষ্ঠানের সকল শ্রমিক-কর্মচারী-কর্মকর্তা। অনুরূপভাবে দেশের সকল ট্রেডার্স বা বৈদ্যুতিক সামগ্রীর সম্মানিত ব্যবসায়ী মহল – যারা কোম্পানীর পক্ষে কাজ করে ভোক্তাকে বি আর বি পণ্য ব্যবহারে উদ্বুদ্ধ করেছেন এবং ভোক্তার নিকট বি আর বি পণ্য পৌঁছে দিয়েও এই উন্নয়নের ধারায় শরীক হয়েছেন, আজকের এই গৌরবময় দিনে তাদের সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। শুভেচ্ছা জানাই বি আর বি পণ্য ক্রয় করে সহায়তা দান করেছেন এমন সরকারী, আধা-সরকারী, বেসরকারী বিভিন্ন মিল-ইন্ডাস্ট্রি, এপার্টমেন্ট ও কন্সট্রাকশন ফার্মসমূহকে। সর্বোপরি ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, প্রতিষ্ঠানটির চাহিদা অনুযায়ী বিনিয়োগ সুবিধা প্রদান করে এর উন্নয়নে সহায়তা করায় বি আর বি কর্তৃপক্ষের সর্বোচ্চ সন্তুষ্টি অর্জন করেছে। বি আর বি আজ দেশ ও জাতির গর্ব, আমাদের অহংকার।

আল্লাহ্ রাব্বুল আল-আমীন আমাদের সকলকে হেফাজত করুন।

গোলাম মোহাম্মদ কাদের, এমপি
মন্ত্রী
বাণিজ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা

Ghulam Muhammed Quader, MP
Minister
Ministry of Commerce
Government of the People's
Republic of Bangladesh, Dhaka



বাণী

বৈদ্যুতিক ওয়্যারস এন্ড কেবল্স উৎপাদনকারী বৃহৎ প্রতিষ্ঠান বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর ৩৪তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে স্মরণিকা ও ক্রোড়পত্র প্রকাশনার উদ্যোগটি ভালো।

জন্মলগ্ন থেকে প্রতিষ্ঠানটি পণ্যের গুণগতমানের বিষয়ে যথেষ্ট সচেতন। উন্নত প্রযুক্তি ও মানসম্পন্ন কাঁচামাল ব্যবহার করে আন্তর্জাতিকমানের কেবল প্রস্তুত ও বাজারজাত করে গ্রাহক সেবা নিশ্চিত করায় বি আর বি কেবলস্ বাংলাদেশে খ্যাতি অর্জন করেছে।

দেশের বিদ্যুতায়নের অবকাঠামো উন্নয়নে বৈদ্যুতিক তার অপরিহার্য। বি আর বি কেবল্স অবকাঠামো উন্নয়নে প্রত্যাশিত ভূমিকা পালন করে চলেছে। বিশ্ব বাজারের চাহিদা অনুযায়ী প্রতিষ্ঠানটি পণ্য বহুমুখীকরণ ও রপ্তানি বাণিজ্যের মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জনে ভূমিকা পালন করছে। প্রতিষ্ঠানটি নতুন নতুন বৈদ্যুতিক সরঞ্জাম উৎপাদন ও বাজারজাত করে দেশীয় ও আন্তর্জাতিক বিদ্যুৎ সেক্টরে বিশেষ অবদান রাখবে বলে প্রত্যাশা ব্যক্ত করছি। আমি আশা করি বি আর বি কেবল্স পণ্যের গুণগতমান অক্ষুণ্ন রেখে ভোক্তা সাধারণের প্রয়োজন মিটিয়ে তাদের অগ্রযাত্রাকে অটুট রাখবে।

বি আর বি কেবল্স এর ৩৪তম প্রতিষ্ঠা বার্ষিকীতে আমি এ প্রতিষ্ঠানের সার্বিক সাফল্য কামনা করছি।

(গোলাম মোহাম্মদ কাদের) এমপি

Dilip Barua
Minister
Ministry of Industries
Government of the People's
Republic of Bangladesh, Dhaka

দিলীপ বড়ুয়া
মন্ত্রী
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



বাণী

বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর ৩৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে একটি স্মরণিকা প্রকাশ হচ্ছে জেনে আমি আনন্দিত। এ মহতী উদ্যোগের সাথে জড়িত সকলের প্রতি আমার আন্তরিক অভিনন্দন রইল।

স্বাধীনতা-উত্তর বাংলাদেশের উন্নয়নের ধারায় দেশীয় কেবল শিল্প প্রতিষ্ঠার মাধ্যমে বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেড বাংলাদেশের অর্থনীতির বুনিয়াদ শক্তিশালী করতে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। সর্বাধুনিক প্রযুক্তিতে বিশ্বমানের কেবল উৎপাদন করে এ প্রতিষ্ঠান ইতোমধ্যে বাংলাদেশের ব্রান্ডিংয়ে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। এর পদাংক অনুসরণ করে আরো বেশ কয়েকটি প্রতিষ্ঠান কেবল উৎপাদনে এগিয়ে এসেছে। এর ফলে বাংলাদেশ কেবল শিল্পে প্রায় স্বয়ংসম্পূর্ণতার দ্বারপ্রান্তে। এ সৃষ্টিশীল ও সাহসী উদ্যোগের পথিকৃৎ হিসেবে ভূমিকা পালনের জন্য আমি বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেড পরিবারকে স্বাগত জানাই।

বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেড বর্তমানে আইএসও ৯০০১:২০০৮ মানসনদ অর্জনকারী একটি বাংলাদেশী প্রতিষ্ঠান। গুণগত মান ও ব্যবসায়িক সাফল্যের জন্য এটি GL.(Germanischer Lloyd) Shipboard Cable Approval Certificate অর্জন করেছে। কেবল শিল্পে GL.Certificate অর্জন বাংলাদেশের জন্য একটি বিরল সম্মান বলে আমি মনে করি।

আমার বিশ্বাস, গুণগত মানোন্নয়নের এ অভিযাত্রায় বি আর বি'র পাশাপাশি দেশীয় অন্যান্য কেবল উৎপাদনকারী প্রতিষ্ঠান সামিল হবে। আন্তর্জাতিকমানের কেবল উৎপাদন করে দেশীয় চাহিদা পূরণের পাশাপাশি রপ্তানি বাজারের প্রসার ঘটাবে। এর মাধ্যমে আমরা ২০২১ সাল নাগাদ শিল্প সমৃদ্ধ মধ্যম আয়ের বাংলাদেশের বিনির্মাণে সক্ষম হব।

আমি ৩৪তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর সাফল্য কামনা করছি।

৩০ আশ্বিন, ১৪১৯ বঙ্গাব্দ
১৫ অক্টোবর, ২০১২ খ্রিস্টাব্দ

দিলীপ বড়ুয়া

Hasanul Haque Inu, MP
Minister
Ministry of Information
Government of the People's
Republic of Bangladesh, Dhaka

হাসানুল হক ইনু, এমপি
মন্ত্রী
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



বাণী

১৯৭৮ সালের ২৩ অক্টোবর কুষ্টিয়া বিসিক শিল্প নগরীতে ছোট পরিসরে যে বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর যাত্রা শুরু হয়েছিলো, আজ তা ৩৪ বছর পূর্ণ করে এগিয়ে যাচ্ছে। দিনটি বি আর বি পরিবার বেশ উৎসবমুখর পরিবেশে পালন করছে জেনে আমি আনন্দিত। ৩৪ বছর পূর্বের শিল্পায়ন শূন্য একটি দেশে বি আর বি কেবলস্ এর মতো নতুন শিল্পকারখানার প্রতিষ্ঠা এবং একই সাথে দেশকে শিল্প সমৃদ্ধ হতে যেমন সাহায্য করেছে, তেমনি দেশের বেকার সমস্যা সমাধানেও রেখেছে উল্লেখযোগ্য অবদান।

ছোট পরিসরে শুধুমাত্র ডোমেস্টিক কেবলস্ উৎপাদনের মাধ্যমে প্রতিষ্ঠানটির পথ চলা শুরু হলেও আজ বি আর বি কেবলস্ বাংলাদেশের সর্বাধুনিক তথ্যপ্রযুক্তি সম্পন্ন একটি বৃহৎ শিল্প প্রতিষ্ঠান। উৎপাদন তালিকায় তাদের সাম্প্রতিক সংযোজন সকল ধরনের অপটিক্যাল ফাইবার কেবল, মেরিন কেবল ও মিনিয়েচার সার্কিট ব্রেকার (এমসিবি) – যা দেশের তথ্যপ্রযুক্তির উন্নয়নের জন্য একটি শুভ ইঙ্গিত। কেবল তৈরীর ক্ষেত্রে আপোসহীন এবং গুণগত মানসম্পন্ন পণ্যের প্রস্তুতকারী প্রতিষ্ঠান বি আর বি কেবল আগামী দিনে দেশের তথ্যপ্রযুক্তির উন্নয়নেও এগিয়ে আসবে এবং ২০২১ সালের মধ্যে দেশকে তথ্যপ্রযুক্তিতে উন্নত করতে ভূমিকা রাখবে।

আমি বি আর বি কেবলস্ এর ৩৪তম প্রতিষ্ঠা বার্ষিকীর সার্বিক সাফল্য কামনা করছি।

২২-১০-২০১২

হাসানুল হক ইনু, এমপি



ব্যবস্থাপনা পরিচালক
ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড

বাণী

বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেড তাদের ৩৪তম বর্ষপূর্তি উপলক্ষ্যে একটি স্মরণিকা প্রকাশ করছে জেনে আমরা অত্যন্ত আনন্দিত। তাদের এ উদ্যোগকে আমরা স্বাগত জানাই।

এ দীর্ঘ সময়ে বি আর বি কেবলস্ তাদের দক্ষ ব্যবস্থাপনার মাধ্যমে মানসম্পন্ন উৎপাদন, মানব সম্পদ উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি এবং জাতীয় অর্থনীতিতে অত্যন্ত গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছেন। এ পথ পরিক্রমায় কেবল শিল্পের উজ্জ্বল নক্ষত্র বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেডের বাণিজ্যিক অংশীদার হতে পেরে আমরা আনন্দিত। দেশের সীমানা পেরিয়ে বিশ্ব পরিমণ্ডলে আজ তাদের দৃপ্ত পদচারণা যা এ প্রতিষ্ঠানের দক্ষতা, নিষ্ঠা এবং উৎকর্ষতার স্বাক্ষর বহন করে।

আমরা আশা করছি গুণগতমান, বহুমুখী পণ্য ও আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে দেশের সম্ভাবনাময় প্রতিষ্ঠান বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেড আগামী দিনগুলোতে তাদের অগ্রযাত্রা আরো বেগবান করে দেশের অর্থনৈতিক উন্নয়নে জোরালো ভূমিকা রাখবে।

আমরা এ প্রতিষ্ঠানের সর্বাঙ্গীন সফলতা ও উন্নতি কামনা করছি।

মোহাম্মদ আবদুল মান্নান



চেয়ারম্যান
বি আর বি গ্রুপ

শুভেচ্ছা বাণী

বি আর বি কেবল ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর ৩৪ বছরপূর্তির মাহেন্দ্রক্ষণে পরম করুণাময় মহান আল্লাহ রাব্বুল আল-আমীনের দরবারে লাখ-কোটি শুকরিয়া। এই ৩৪ বছরে সকলের আন্তরিক সহযোগিতার মাধ্যমে অনেক প্রতিকূল অবস্থার মোকাবেলা করে বি আর বি কেবল আজ দেশে এবং বিদেশে একটি পরিবেশবান্ধব, আধুনিক ও মানসম্পন্ন কেবল প্রস্তুতকারী প্রতিষ্ঠান হিসেবে সুখ্যাতি অর্জন করেছে। এখানে কর্মরত সকল শ্রমিক, কর্মচারী-কর্মকর্তা এই সুনামের অংশীদার। স্বাধীনতা-উত্তর বাংলাদেশে উন্নয়নের ধারায় আর্থ-সামাজিক জীবন প্রবাহে যাঁরা আমাকে অব্যাহত সহযোগিতা ও পৃষ্ঠপোষকতা প্রদান করে আসছেন আমি তাঁদের প্রতিও কৃতজ্ঞ। দেশে এবং দেশের বাইরের সকল সম্মানিত গ্রাহক, পৃষ্ঠপোষক, শুভানুধ্যায়ীগণসহ সম্মানিত অতিথিবৃন্দ, বি আর বি কেবল ও সহযোগী প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারী-কর্মকর্তাদের জানাই আন্তরিক শুভেচ্ছা ও মোবারকবাদ।

দীর্ঘ এই ৩৪ বছরে আমাদের দিনগুলি কুসুমাস্তীর্ণ ছিল না। তবে এ কথা সত্য যে, দীর্ঘ পথ-পরিক্রমায় আমাদের অর্জন গৌরবান্বিত। কারণ কেবল শিল্পে আমাদের রয়েছে বাস্তব ও অভিজ্ঞতালব্ধ জ্ঞান, যে কারণে কেবল শিল্পের বাজারে নিত্য নতুন পণ্য উৎপাদন, সরবরাহ ও বিক্রয়োত্তর সেবা প্রদান করে ক্রেতা সাধারণের সন্তুষ্টি অর্জন সম্ভব হয়েছে। অন্যদিকে কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দেশের বেকারত্ব লাঘব করে আর্থ-সামাজিক উন্নয়নে অবদানসহ দেশের অর্থনীতিতেও আমাদের অবদান রয়েছে। মুক্তবাজার অর্থনীতির প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকার চ্যালেঞ্জ মোকাবেলা করে আজ বি আর বি কেবল ৩৪ বছর অতিক্রম করে ৩৫ বছরে পদার্পণ করছে। আমি আশাবাদী আজকের বি আর বি কেবল একদিন তার হীরক জয়ন্তী পূরণ করে প্লাটিনাম পেরিয়ে কোনো এক ২৩ অক্টোবর শতবর্ষ পূরণ করবে, ইনশাআল্লাহ।

আমি আমার দীর্ঘ দিনের সকল সম্মানিত গ্রাহক, পৃষ্ঠপোষক, ব্যাংক-বীমা ও শুভানুধ্যায়ীগণসহ সবার কাছে হাত বাড়িয়ে রাখছি পরম উষ্ণতায় আপনাদের কাছে পাবার জন্যে; শুভাকাঙ্ক্ষী হিসেবে, পরামর্শক হিসেবে এবং অবশ্যই সমালোচক হিসেবেও। আমাদের আগামী দিনে সকলের চলার পথ হোক সত্য ও সুন্দরের পথ।

মহান রাব্বুল আল-আমীন আমাদের সকলের সহায় হোন।

মোঃ মজিবর রহমান



সভাপতি
এফবিসিসিআই

বাণী

দেশীয় ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ওয়্যারস এন্ড কেবল উৎপাদনকারী প্রতিষ্ঠান বি আর বি কেবল-এর ৩৪তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে মনোজ্ঞ স্মরণিকা ও ক্রোড়পত্র প্রকাশ হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। আমি এই মহতী উদ্যোগের সাথে একনিষ্ঠভাবে জড়িত সকলকে আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জানাচ্ছি।

জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বি আর বি কেবল প্রতিযোগিতামূলক বাজারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তাদের ব্যবসায়িক সুনাম দীর্ঘ ৩৪ বছরের। এত দিন উন্নয়ন ধরে রাখার পূর্ব শর্ত হচ্ছে আপোসহীনভাবে মান নিয়ন্ত্রণ করা। বি আর বি কেবল দেশে নিজেদের সম্মানজনক স্থানে প্রতিষ্ঠিত করার পাশাপাশি দেশের সীমানা ছাড়িয়ে বিশ্বের বুকে বাংলাদেশকে শিল্পোন্নয়নের দৃষ্টান্ত হিসাবে নতুন করে পরিচিত করেছে। আপোসহীন মান নিয়ন্ত্রণ ও দেশের অর্থনৈতিক মেরুদণ্ড স্বনির্ভর করার প্রয়াসে ইতোমধ্যে বি আর বি কেবল্স দেশ বিদেশের বহু সম্মাননা ও পুরস্কারে ভূষিত হয়েছে। আমি আশা রাখি অদূর ভবিষ্যতে বি আর বি কেবল্স তাদের পণ্য সম্ভারে আমদানী বিকল্প নতুন নতুন আরও পণ্য সংযোজন করে আমদানি নির্ভরতা কমিয়ে অতীতের চেয়ে আরো বেশী জাতীয় অর্থনীতিতে অবদান রাখবে এবং কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে ক্রমবর্ধমান বেকার সমস্যা দূরীকরণে আন্তরিক হবে।

ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) এর পক্ষ থেকে আমি বি আর বি কেবল্স-এর ৩৪তম প্রতিষ্ঠা বার্ষিকীতে সকলকে অভিনন্দন জানাচ্ছি এবং সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

এ. কে. আজাদ

## বি আর বি কেবলস্-এর প্রাপ্ত উল্লেখযোগ্য এ্যাওয়ার্ড সমূহ

